Jaishtha 04, 1424 Bangla, May 18, 2017, Thursday, No. 138, 47th year

H I G H L I G H T S

PM says, govt. is taking various steps for socio-economic development of all & to improve living standard of minor ethnic groups to get them involved in mainstream. (R. Today: 9, R. Tehran: 7)

Holding conspiracy of own people liable for Bangabandhu's assassination Sheikh Hasina says, Ziaur Rahman, Mostak & some cabinet members were involved in the murder. (R. Today: 10)

PM visits Netrakona today to see flood situation there caused by onrush of upstream water - distributes reliefs among affected people. (R. Today: 11)

Home Minister says, investigation continues in Banani rape case & warns, anyone involved in this case will not be spared - meanwhile, Nayem Ashraf, one of prime accused has been arrested. (R. Today: 11)

'Bangladesh is marching ahead in field of infrastructural development', says, Planning minister. (R. Today: 10)

Bangladesh reiterates demand for duty & quota free access to US market & seeks more investment - after TICFA meeting US envoy in Dhaka says, labour rights & safety have to be improved to get the facilities. (R. Today: 11)

23 people including a local BNP leader have been sentenced to death for killing 4 activists of AL & Chatra League in Narayanganj in 2002. (R. Today: 8)

A alleged robber has been killed in gunfight with police at Gangni upazila of Meherpur. (R. Today: 11)

Police in India says, they have killed 16 Maoist rebels in central state of Chhattisgarh. (BBC: 2)

BBC

FORMER FBI BOSS TO LEAD RUSSIA INQUIRY

Former FBI boss Robert Mueller has been named as a special prosecutor to oversee a probe into Russia's alleged interference in the US election. Deputy Attorney General Rod Rosenstein said, it was in the public interest to bring an outsider in to oversee the investigation. Calls for a special prosecutor have mounted since President Donald Trump fired the FBI Director last week. (BBC: 0600 hrs. 18-05-17 Faruk/Sajib)

TRUMP EXTENDS WORST IRAN NUCLEAR DEAL

Donald Trump's White House has renewed sanctions relief for Iran despite the US President's past criticism. The easing of sanctions is part of a crucial nuclear deal brokered in 2015 under then President Barack Obama with five other world powers. Mr. Trump has described the landmark agreement as the worst deal ever.
(BBC: 0600 hrs. 18-05-17 Faruk/Sajib)

WOMEN ARE HALF OF MACRON'S NEW LINE-UP

French President Emmanuel Macron has unveiled a gender balanced cabinet in accordance with an earlier pledge, with 11 of 22 posts taken by women. Sylvie Goulard is Defence Minister while Olympic fencing champion Laura Flessel is Sports Minister. Bruno Le Marie is Economy Minister, Gerard Collomb is Interior Ministger and Francois Bayrou is Justice Minister. Mr. Macron's decision to pluck figures from across the political spectrum has sent the French right into disarray.
(BBC: 0600 hrs. 18-05-17 Faruk/Sajib)

TURKEY REJECTS KURDS AS ALLIES IN SYRIA

Turkish President Recep Tayyip Erdogan has indicated after talks in Washington that he will never accept a US alliance with Kurdish forces fighting in Syria. He was referring to the Syhrian Kurdish YPG militia following a US decision earlier this month to arm the group. Despite this, the two leaders pledged to strengthen bilateral relations.
(BBC: 0600 hrs. 18-05-17 Faruk/Sajib)

PUTIN WADES INTO TRUMP-RUSSIA

Vlademir Putin has waded into the growing row surrounding US President Donald Trump and his links to Russia. US media say, Mr. Trump passed on classified information to Russian officials last week, but Mr. Putin says this is not the case. He said, he would release a record of the meeting to the US Congress if they requested it.
(BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

BASHIR INVITED TO SAUDI SUMMIT WITH TRUMP

Saudi Arabia has invited Sudanese President Omar al-Bashir who is wanted for alleged war crimes to a summit with US President Donald Trump and Arab and Muslim leaders. Mr. Bashir will travel to Saudi Arabia on Friday, Sudan's Foreign Minister Ibrahim Ghandour said. The US has not confirmed the claim.
(BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

IRAN'S ELECTION SEES RIVALS BATTLE ON SOCIAL MEDIA

This is an Iranian election like no other where the main battles are being fought on social media. For the first time candidates, as well as voters have discovered the power of messaging apps as a way of bypassing state media and reaching out directly to each other. (BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

IRISH PM ENDA KENNY TO STEP DOWN

Irish Prime Minister Enda Kenny is to step down as leader of Fine Gael from midnight he has announced. He will continue as taoiseach until the Dail Chooses a successor. Mr. Kenny, who was elected taoiseach in 2011, tendered his resignation in March, but has been acting Prime Minister since then. (BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

IS GUNMEN IN DEADLY BATTLE AT AFGHAN TV: KILLS 12

At least six people and all four IS gunman have been killed in a battle at the afghan state television building in the city of Jalalabad. Four of the dead worked for the broadcaster RTA. Two police also died. The attack began when two suicide bombers blew themselves up outside the compound. The other two entered it and battled security forces for four hours. (BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

INDIAN POLICE KILL 16 MAOIST REBELS

Police in India say, they have killed sixteen Maoist rebels in the central state of Chhattisgarh. DM Awasthi, the chief of the state's anti-Maoist force, told the BBC that the clash took place near Bijapur district. The region has seen a long-running insurgency by Maoists. The re3bels killed 24 troops last month.

(BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

ISRAEL SAYS TIES WITH US UNAFFECTED

Israel says, ties with the US have not been damaged by claims President Donald Trump gave Russia sensitive information provided by Israeli intelligence. Israeli Ambassador Ron Dermer said, Israel has full confidence in our intelligence sharing relationship with the US. The White House is refusing to comment on reports that Israel was the source of the intelligence. (BBC: 2200 hrs. 17-05-17 Faruk/Sajib)

আপন জুয়েলার্সের মালিকপক্ষ স্বর্ণ আমদানির বৈধ কাগজপত্র দেখাতে পারেনি: শুল্ক গোয়েন্দা অধিদপ্তর

বাংলাদেশে শুল্ক গোয়েন্দা অধিদপ্তর বলছে, আপন জুয়েলার্সের ৫টি বিক্রয় কেন্দ্রে ৪৯৮ কেজি স্বর্ণ পাওয়ার পর তারা মালিকদের তলব করে জিজ্ঞাসাবাদ করেছে। অধিদপ্তর বলছে, মালিকরা বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। মালিকদের তলব করে আজ শুল্ক গোয়েন্দা অধিদপ্তরের কর্মকর্তারা বেশ কয়েক ঘণ্টা জিজ্ঞাসাবাদ করেন। তবে, মালিক পক্ষ থেকে বলা হয়েছে, তারা বৈধভাবেই ব্যবসা করছেন। বিস্তারিত জানাতে ঢাকা স্টুডিও থেকে এখন যোগ দিচ্ছেন কাদির কল্লোল।

বিবিসি ঃ কাদির শুল্ক অধিদপ্তর এই জিজ্ঞাসাবাদে কী জানতে পেরেছে ?

মি. কাদির ঃ শুল্ক অধিদপ্তর গত কয়েক দিনে আপন জুয়েলার্সের ৫টি বিক্রয় কেন্দ্রে দু'দফায় অভিযান চালিয়েছিল। অধিদপ্তর সেই অভিযানে অবৈধ স্বর্ণ ও হীরা পাওয়ার কথা বলছিল। তারপর মালিক পক্ষকে তলব করা হয়েছিল। বনানীতে ধর্ষণের অভিযোগে মামলার প্রধান অভিযুক্ত আসামী সাফাত আহমেদের বাবা দিদার আহমেদ আপন জুয়েলার্সের মালিক ও তার দুই ভাই। আপন জুয়েলার্সের মালিকদের পক্ষ থেকে তিনজনই আজ শুল্ক অধিদপ্তরে গিয়েছিলেন। তাদের বেশ কয়েক ঘণ্টা সময় ধরে শুল্ক অধিদপ্তরে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। এরপর শুল্ক অধিদপ্তর প্রধান ড. মইনুল খান প্রেস ব্রিফিং করেন। তিনি নিজেই বলেছেন যে, ৫টি বিক্রয় কেন্দ্রে অভিযানে সাড়ে ১৩ মণ অর্থাৎ ৪৯৮ কেজি স্বর্ণের মজুদ পাওয়া গিয়েছিল। এর দাম আড়াইশ' কোটি টাকা হবে। তাছাড়া ৪২৭ গ্রাম হিরাও পাওয়া গিয়েছিল। ড. মইনুল খান অভিযোগ করেছেন যে, আজ জিজ্ঞাসাবাদে আপন জুয়েলার্সের মালিক পক্ষ এই স্বর্ণ এবং হিরার বিশাল মজুদের ব্যাপারে বৈধ কোন কাগজপত্র দেখাতে পারেনি। এটাকে তারা অপরাধ হিসেবে চিহ্নিত করছেন। শুল্ক অধিদপ্তর এখন আইনগত ব্যবস্থা নেবে। একই সাথে তিনি জানিয়েছেন যে, মালিকপক্ষের অনুরোধের কারণে বৈধ কাগজপত্র দেয়ার জন্য আরো দু'দিন সময় দেয়া হয়েছে। ২৩শে মে তাদের আবারও জিজ্ঞাসাবাদ করা হবে। সে সময় যদি তারা বৈধ কাগজপত্র না দিতে পারে তাহলে আইনগত ব্যবস্থা শুরু হবে বলে শুল্ক অধিদপ্তর প্রধান জানিয়েছেন। শুল্ক অধিদপ্তরের পক্ষ থেকে এটাও বলা হয়েছে যে, এই সাড়ে ১৩ মণ স্বর্ণের মধ্যে ১০ কেজির মতো স্বর্ণ কিছু গ্রাহকের হয়ে থাকতে পারে। সেটা মালিকপক্ষ জিজ্ঞাসাবাদে বলেছে। গ্রাহকদের কাছে যেন সেটা ফেরত দেয়া হয় সেজন্য দু'দিন সময় দেয়া হয়েছে বলে বলছে শুল্ক অধিদপ্তর।

বিবিসি ঃ শুল্ক অধিদপ্তর বলছে, আপন জুয়েলার্সের মালিকরা তাদের এ সাড়ে ১৩ মণ স্বর্ণের মজুদ সম্পর্কে বৈধ কাগজপত্র দেখাতে পারেননি। সে বিষয়ে মালিকওে বক্তব্য কী?

কাদির: আপন জুয়েলার্সের মালিক দিলদার আহমেদসহ তিনভাই শুল্ক অধিদপ্তরে জিজ্ঞাসাবাদের মুখোমুখি হওয়ার পর যখন বেরিয়ে আসেন তখন তারা সাংবাদিকদের মুখোমুখি হন সন্ধ্যার একটু আগেই। তারা প্রথমে কিছুই বলতে চাননি। বাধ্য হয়েই সাংবাদিকদের প্রশ্নের মুখে তারা কয়েকটি প্রশ্নের জবাব দিয়েছেন। সেখানে দিলদার আহমেদ বলেছেন যে, তিনি বৈধভাবেই স্বর্ণের ব্যবসা করছেন। তিন দাবি করেছেন যে, স্বর্ণের যে মজুদ ছিলো স্বর্ণ বা হীরার তার বিক্রয় কেন্দ্রগুলোতে সেগুলোর বৈধ কাগজপত্র আছে এবং যেসব প্রশ্ন জিজ্ঞাসাবাদে এসেছে সেগুলোর তারা জবাব দিয়েছেন এবং তাদের আইনজীবীরা জবাব দিয়েছেন এটা তিনি দাবি করেছেন। একই সাথে দিলদার আহমেদ বলেছেন যে, তার বিরুদ্ধে যে ধরনের ব্যবস্থা নেয়া হচ্ছে বা তার বিরুদ্ধে যেসব অভিযোগ তোলা হচ্ছে, তাহলে অন্য স্বর্ণ ব্যবসায়ী যারা আছে তাদের ক্ষেত্রেও একইভাবে ব্যবস্থা নেয়া উচিৎ - এমন মন্তব্য তিনি করেছেন সাংবাদিকদের কাছে।

বিবিসিঃ বাংলাদেশে যে সোনার ব্যবসা হয়, এই ব্যবসার ক্ষেত্রে স্বর্ণের উৎস নিয়ে তো নানা রকম প্রশ্ন উঠছে। তো এই বিষয়ে শুল্ক অধিদপ্তর কি কোন রকম বক্তব্য দিয়েছে?

কাদির : এই বিষয় নিয়ে আসলে নানান প্রশ্ন উঠছে এবং জুয়েলার্স সমিতি তাদের পক্ষ থেকেও বলা হচ্ছে যে, তাদের মধ্যে আতঙ্ক ছড়ানো হচ্ছে। যে আতঙ্ক ছড়িয়েছে একটা প্রভাব পরেছে তাদের ব্যবসার ক্ষেত্রে। এই ধরনের বক্তব্য তারাও তুলেছে, তারাও আমদানির ক্ষেত্রে এক ধরনের সহজ করার দাবি তুলে আসছে। তো যেটা শুল্ক অধিদপ্তরের পক্ষ থেকে আজকে বলা হয়েছে, শুল্ক অধিদপ্তরের প্রধান তিনি নিজে বলেছেন যে, অন্য ব্যবসায়ীদের আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই। তিনি বলেছেন যে, তিনি বাংলাদেশ ব্যাংকের কাছে শুল্ক অধিদপ্তরের পক্ষ থেকে দু'টি চিঠি পাঠানো হয়েছে। তিনি জানিয়েছেন যে, আমদানি বাংলাদেশে নিষিদ্ধ নয়, কিন্তু আমদানির ক্ষেত্রে কিছু জটিলতা আছে। যেমন, বাংলাদেশ ব্যাংকের কাছে আগে অনুমতি নিতে হয়। সেই অনুমতি নেয়ার ক্ষেত্রে অনেকটা সময় লাগে। সেটা যেন সহজ করা হয় সেটা তিনি অনুরোধ জানিয়েছেন বাংলাদেশ ব্যাংককে। এছাড়া এই পর্যন্ত পাচার হয়ে আসা স্বর্ণ বিভিন্ন সময়ে যে উদ্ধার করা হয়েছে বা আটক করা হয়েছে সেগুলো যেন অকশনে দেয়া হয় দ্রুত, এমন অনুরোধও শুল্ক অধিদপ্তরের পক্ষ থেকে বাংলাদেশ ব্যাংককে করা হয়েছে।

(বিবিসিঃ ১৯:৩০ ঘ. ১৭/০৫/১৭ কবির/সোনিয়া/কুহিনুর/আশরাফ)

একজন ব্যাংক কর্মকর্তার অভিযোগ

বাংলাদেশে একজন ব্যাংক কর্মকর্তার গর্ভবতীর স্ত্রী জল বসন্তে আক্রান্ত হয়ে মারা যাওয়ার পর তিনি অভিযোগ করেছেন বেশ কিছু হাসপাতালে যোগাযোগ করে তার স্ত্রীকে তিনি ভর্তি করাতে পারেননি। দেশটির একজন অভিজ্ঞ চিকিৎসক বলছেন, জল বসন্তে আক্রান্তদের চিকিৎসায় পর্যাপ্ত ব্যবস্থা রাষ্ট্র করতে পারেনি। সরকারি হাসপাতালের একজন চিকিৎসক বলছেন, সরকারি, বেসরকারি কোন হাসপাতালেরই জল বসন্তের রোগীদের রেখে যথাযথ চিকিৎসা দেয়ার ক্ষমতা নেই। ঢাকা থেকে আরো জানাচ্ছেন রাকিব হাসনাত :

ঢাকার একজন ব্যাংক কর্মকর্তা তৌফিকুল করিম গত সপ্তাহের শুরুতে তার স্ত্রী যখন চিকেন পক্স বা জল বসন্তে আক্রান্ত হন তখন তিনি ছয়মাসের গর্ভবতী। আর সেই কারণেই তারা দ্রুতই ছুটে যান চিকিৎসকের কাছে যার তত্ত্বাবধানে তিনি ছিলেন গর্ভাবস্থার শুরু থেকেই।

কর্মকর্তা : যখন দেখলাম ফক্সটা বাড়ছেই বা কমার কোন লক্ষণ নাই চার-পাঁচ দিন হওয়ার পরেও তখন আমরা হসপিটালে নিয়ে গেলাম। সব হসপিটালই বলছে যে, আমাদের এটার কোন সিস্টেম নেই, এটা ল' সাজেস্ট করে না।

বিবিসিঃ কোন্ কোন্ হসপিটালে গেলেন আপনারা?

কর্মকর্তা : আমি পেশেন্টকে নিয়ে গেলাম ইবনে সিনায় প্রথমে। এটা পরের দিন রাত হয়ে যাওয়ার কারণে আমরা স্কয়ার, ঢাকা মেডিকেল এই হসপিটালগুলোতে আমরা খোঁজ নিয়েছি। ওরা বলছে যে, এখানে রাখা যাবে না।

এরপর পরিস্থিতির অবনতি হলে মিস্টার করিম স্ত্রীকে নিয়ে মধ্যরাতেই ছুটে যান সংক্রামক ব্যাধি হাসপাতালে। কিন্তু সেখানেই বা কতোটুকু মিলেছিলো চিকিৎসা সেবা।

কর্মকর্তা : মহাখালী সংক্রামক ব্যাধি হসপিটালে নিয়ে গেলাম। ভর্তি করলাম, ভর্তি করার পরে চিকিৎসা শুরু হওয়ার আগেই সে এক্সপায়ার করেছে। বাট আমার যেটা মনে হচ্ছে যে, হসপিটালগুলোতে আমি গেলাম, কোন হসপিটালেই এটার কোন ব্যবস্থা নাই। প্লাস মহাখালীতে যেখানে গেলাম সেখানে যখন ওর শ্বাস নিতে সমস্যা হচ্ছিলো আমরা বললাম অক্সিজেনের জন্য। অক্সিজেন নিয়ে আসতে গেলো। অক্সিজেনের সিলিন্ডার নাই। আরেকটা দৌড়িয়ে আনতে গেলো, মানে ইমারজেন্সি আমি কোন ট্রিটমেন্ট ওখানে পেলাম না।

এমন অবস্থায় কেউ জল বসন্তে আক্রান্ত হয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় চলে গেলে তার চিকিৎসা সেবা মিলবে কীভাবে- জানতে চেয়েছিলাম ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য এবং বেসরকারি সংস্থা জাতীয় স্বাস্থ্য অধিকার আন্দোলনের আহ্বায়ক অধ্যাপক রশীদ-ই-মাহবুবের কাছে।

মি. মাহবুব : জল বসন্ত বা এটা যেহেতু কন্টিনিউয়াস ডিজিজ এজন্য কোন জেনারেল হাসপাতালে তাদেরকে নিতে চাবে না বা ঢাকাতে একটাই সংক্রামক ব্যাধি হসপিটাল আছে ওখানে তাদের একটা বন্দোবস্ত হতে পারে। আরেকটা হয় বাড়ীতে চিকিৎসা হয়। হয়তো ডাক্তাররা এসে তাদেরকে আইসোলেট করে পরিচর্যা করার জন্য জিনিসগুলো বলে দেয় এবং এছাড়া অন্য কোন উপায় নাই।

বিবিসিঃ তাহলে কেউ যদি খুব ঝুঁকিপূর্ণ অবস্থায় পরে যায় ঐ জল বসন্ত থেকে তাহলে তার চিকিৎসা সেবাটা মিলবে কীভাবে?

মি. মাহবুব : রাষ্ট্র সেখানে তাদেরকে চিকিৎসার কিছু রাখেনি।

বিবিসিঃ রাখেনি?

মি. মাহবুব : না।

কিন্তু মি. মাহাবুব যে সংক্রামক ব্যাধি হাসপাতালে জল সবন্তের চিকিৎসার সুযোগের কথা বলছেন। সেখানেই বা কতোটুকু আছে এই সুবিধা জানতে চেয়েছিলাম সরকারি হাসপাতালের একজন চিকিৎসক এর কাছে।

চিকিৎসক : যতোদূর জানি যে আইসোলেশন ওয়ার্ড সিস্টেম নাই। আমি শুনেছি যে, জলাতাঙ্ক পেশেন্টদের জন্য আছে যে তাদের জন্য আলাদা আইসোলেশন ওয়ার্ড আছে। কিন্তু আমাদের চিকেন ফক্সের পেশেন্টদের ক্ষেত্রে মানে একেবারে এককেটা পেশেন্ট এর জন্য এককেটা আইসোলেশন এরকম লাগারও মানে সম্ভাবনা দেখা দেয় এবং সেক্ষেত্রে বায়োটেস্টি লেভেল ফোর মানে এরকম লেভেলের ল্যাবরেটরি সুবিধা থাকতে হয়। ডক্টরদের সেরকম প্রিকশান নিয়ে ওখানে ঢুকতে হয়, বেরুতে হয় যাতে আর ওটা ঐভাবে না ছড়ায়। তো ঐ ধরনের আইসোলেশন ওয়ার্ড আমাদের আসলে নাই।

বাংলাদেশে প্রতি বছর কতো মানুষ জল বসন্তে আক্রান্ত হয় তার সুনির্দিষ্ট কোন পরিসংখ্যান নেই। চিকিৎসকরা বলছেন, অধিকাংশ ক্ষেত্রেই বাসায় পরিচর্যার মাধ্যমেই রোগটি সেরে যায়। আইনি কোন বাধা না থাকলেও ছোঁয়াচে হওয়ার কারণে সাধারণ হাসপাতালগুলো এসব রোগীদের ভর্তি করতে চায় না। কিন্তু স্বাভাবিক পরিচর্যায় না সেরে যদি কোন রোগীর অবস্থা আরো জটিল হয় তাহলে তার তাৎক্ষণিক চিকিৎসা কীভাবে হবে, তার উত্তর কার্যত কারোই জানা নেই।

(বিবিসি: ১৯:৩০ ঘ. ১৭/০৫/১৭ কবির/আশরাফ)

বনানীতে দুই ছাত্রী ধর্ষণ মামলায় অন্যতম আসামী নাঈম আশরাফ গ্রেফতার

বাংলাদেশের রাজধানী ঢাকার বনানীতে দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ধর্ষণ মামলায় অন্যতম আসামী নাইম আশরাফকে পুলিশ গ্রেফতার করেছে। ঢাকার কাছে মুন্সিগঞ্জ জেলা থেকে তাকে আটকের কথা জানিয়েছে পুলিশ। এর আগে এই মামলায় চারজন আসামীকে আটক করে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে। নাঈম আশরাফ ছিল ধর্ষণ মামলার দ্বিতীয় আসামী।

(বিবিসি : ২২৩০ ঘ. ১৭/০৫/১৭ আছাদ/নারগীস)

তৈরী পোশাক খাতের শ্রমিকদের অধিকার ও নিরাপত্তা নিয়ে অগ্রগতির বিষয়ে আজ ঢাকায় একটি বৈঠক হবে

রানা প্লাজা দুর্ঘটনার পর বাংলাদেশে তৈরী পোশাক খাতে শ্রমিক অধিকার ও নিরাপত্তা বিষয়ে যেসব শর্ত দিয়েছিল ইউরোপীয় ইউনিয়ন, সেগুলোর অগ্রগতি পর্যালোচনার জন্য একটি বৈঠক আজ ঢাকায় হতে যাচ্ছে। বাংলাদেশ সরকারের বিভিন্ন পক্ষ ছাড়াও কানাডা, যুক্তরাষ্ট্র, আইএলও প্রতিনিধিরা এই বৈঠকে অংশ নেবেন। বাংলাদেশ সরকারের শ্রমসচিব মিকাইল শিপারের কাছে সহকর্মী সাইয়েদুল ইসলাম জানতে চেয়েছিলেন শ্রমিকদের নিরাপত্তায় তারা ঠিক কতটা অগ্রগতি অর্জন করেছেন?

মি. শিপার : মূলতঃ এখানে আলোচনা হবে শ্রমিক আইনের বিষয়ে এবং লেবার সেক্টর দুইটা আলাদা ব্যাপার। বাংলাদেশে এর পক্ষ থেকে শ্রমিকদের অধিকার কতটুকু নিশ্চিত করা হয়েছে এবং অন্যদিকে শ্রমিকদের নিরাপত্তা বিষয়ে কতটুকু অগ্রগতি হয়েছে। এই দুইটা বিষয়ই মূলতঃ আজকের আলোচনার ইস্যু।

বিবিসি: এর আগেও তো দুই দফা আলোচনা হয়েছে। তো এবারে আপনারা বিশেষভাবে কী তুলে ধরবেন?

মি. শিপার : আমাদের যা ডেভলাপমেন্ট হয়েছে তা তুলে থরা হবে। আমরা ইতোমধ্যে অনেক ডেভলাপমেন্ট করেছি। ইতোমধ্যে আমরা গার্মেন্টস সেক্টরের জন্য একটা ডেডিকেটেড দ্বিপক্ষীয় কমিটি করেছি, যেটা শুধুমাত্র গার্মেন্টস সেক্টরের জন্য। এছাড়া আরও অন্যান্য বিষয়েও বিস্তারিত আলাপ-আলোচনা হবে। এটা একটা গুড সাইন। ডেডিকেটেড ফর দ্যা গার্মেন্টস সেক্টর। প্রতিনিধিরা সবাই বসবেন এবং কোথাও যদি কোন ডিসক্রিমিনেশন থাকে, আলাপ-আলোচনার মাধ্যমে সেগুলো আমরা সমাধান করার চেষ্টা করবো। ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশনের প্রসিডিওর যেটা আছে লেবার আইনে এটাকে আরো স্বচ্ছ করার জন্য এই বৈঠকে আলোচনা করা হবে।

বিবিসি: ট্রেড ইউনিয়ন নিয়ে তো অনেকদিন ধরেই কথা বলা হচ্ছে এবং বিভিন্নভাবে এই বিষয়টায় জোর দিচ্ছেন ক্রেতা দেশগুলো বা ক্রেতা প্রতিষ্ঠানগুলো। কিন্তু এখনও তৈরী পোশাক খাতে শ্রমিক সংগঠনগুলো অভিযোগ করছে যে, সরাসরি ট্রেড ইউনিয়ন করার অধিকার তাদেরকে দেয়া হয়নি এবং তারা করতেও পারছেন না। এই বিষয়টিকে কি আপনারা নজর দিচ্ছেন?

মি. শিপার: দেয়া হয়নি-এটা পুরোপুরি সঠিক না। এটা একটা ভুল ধারণা তাদের। লেবার আইন-২০১৩ সালে যখন আমরা সংশোধন করলাম তখনই ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রসেসটা অনেকটা আমরা এগিয়ে নিয়েছি। ২০১৩ সালের পরে আমরা এ পর্যন্ত চারশ'র মত ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন দিয়েছি।

বিবিসি: তারা যেটা বলেন যে, কারখানাগুলোতে সরাসরি ট্রেড ইউনিয়ন করতে গেলে মালিকরা নানাভাবে হয়রানি করেন। ফলে তারা আসলে তাদের দাবি দাওয়ার ক্ষেত্রে বা দাবির কোন সংগঠন তারা প্রতিষ্ঠানগুলোতে করতে পারেন না?

মি. শিপার : না, এটা সরাসরি সব মালিকদের ক্ষেত্রে হচ্ছে না। কিছু কিছু মালিক অবশ্যই কারো প্রতি কনফিডেন্স আনতে পারছেন না। মালিকরা ভাবছে যে, শ্রমিকরা ক্ষতিগ্রস্ত করে ফেলছে। আর শ্রমিকরা ভাবছে যে, মালিকরা তাদেরকে এক্সপ্লয়েড করছে। এই কনফিডেন্স ডেভলাপমেন্টের জন্য আমরা কাজ করছি এবং বিভিন্ন প্রজেক্টের মাধ্যমে এদের মালিক এবং বিশেষ করে মিডলেভেল ম্যানেজমেন্টকে আমরা উন্নত করার চেষ্টা করছি। দুঃখজনকভাবে আমাদের দেশে কোন ট্রেইন্ড মিডলেভেলে ম্যানেজমেন্ট নাই। তবে, এই অবস্থার এখন আস্তে আস্তে উন্নতি হচ্ছে। এখন ভাল ভাল ছেলেরা আসছে যারা এসব ম্যানেজমেন্ট বা লেবার ম্যানেজমেন্ট এর বিষয়াদি পড়াশুনা করে আসছে।

বিবিসি: কারখানাগুলোর অগ্নিনির্বাপন ব্যবস্থা পুরোপুরি সম্পন্ন করার একটি লক্ষ্যমাত্র ছিল যেটি ২০১৮ তে শেষ হওয়ার কথা। এখনও অনেক কারখানা রয়েছে যেগুলো আসলে পুরোপুরি তাদের সক্ষমতা অর্জন করতে পারেনি। আপনারা কি আশা করছেন যে, ২০১৮ শেষ হওয়ার আগেই আপনারা এই কারখানাগুলোর নিরাপত্তা ব্যবস্থা পুরোপুরি নিশ্চিত করতে পারবেন?
মি. শিপার: আমরা আমাদের পক্ষ থেকে সর্বাত্মক চেষ্টা করছি। কিন্তু আমাদের কিছু সমস্যা রয়ে গেছে। যেমন, কিছু কিছু কারখানার মালিক ভাড়া করা বিল্ডিংয়ে আছেন। ভাড়া করা বিল্ডিংয়ে থাকার কারণে কারখানার মালিক যদিও চাচ্ছেন কারখানার নিরাপত্তা, কিন্তু বিল্ডিংয়ের মালিক বলছেন যে, কেন আমি এত টাকা খরচ করবো, দরকার হলে আপনি চলে যান। এসব কিছু সমস্যা আছে। এদেরকে আমরা প্রেসার দিচ্ছি। হয় তারা বিল্ডিং চেঞ্জ করে অন্য জায়গায় যাবে অথবা যদি এসব বিল্ডিংয়ে তারা কাজ করতে চায় তাহলে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। না হলে এই ব্যবস্থা পরিচালনা করা সম্ভব হবে না। এইসব ক্ষেত্রে কিছুটা শ্রমিক অসন্তোষ দেখা যাচ্ছে। তবুও আমরা চেষ্টা করছি এবং আশার কথা যে, এ্যাকোর্ড এবং এ্যালায়েন্স যেসব কারখানার দায়িত্ব নিয়েছিল তারা ৭৫ % কাজ কমপ্লিট করেছে। আর বাকী ২৫% এটা ২০১৮তে কমপ্লিট করে ফেলতে পারবে বলে আমরা আশা করছি। (বিবিসি: ০৬:৩০ ঘ: ১৮/০৫/১৭ খালেদা/হেলাল)

বাংলাদেশে আইসিটি খাতে নারীদের অংশগ্রহণ নিয়ে বিবিসির বিশেষ প্রতিবেদন

সাম্প্রতিক এক জরিপ বলছে, বাংলাদেশে আইসিটি খাতে যারা কাজ করছেন তাদের মধ্যে মোট দশ ভাগ নারী। উপার্জনের বিশাল এই সম্ভাবনাময় খাতে নারীরা কেন এতটা পিছিয়ে আছেন- এবিষয়ে ফারহানা পারভীনের বিশেষ প্রতিবেদন:
আমি এসেছি ঢাকায় একটি সফটওয়্যার টেকনোলজি পার্কে। বহুতল এই ভবনে অন্ততঃ ষোলটি প্রতিষ্ঠান রয়েছে যারা নানা ধরনের তথ্য ও প্রযুক্তিগত সেবা দিচ্ছে। একটি কল সেন্টার গ্রাহকদের সেবা দিতে ব্যস্ত সময় কাটাচ্ছেন এখানকার কর্মীরা। এখানে পাঁচ মাস হ'ল কাজ করছেন নাদিরা। তবে, কল সেন্টারের চেয়ে প্রোগ্রাম ডিজাইন বেশি। তিনি বলছিলেন সেজন্য তিনি কাজে আগাতে পারছেন না।
তথ্য ও প্রযুক্তি খাতে কল সেন্টার একটি মাত্র অংশ। বিশাল এই খাতে নানা ধরনের কাজ হয়, যেমন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট ও সার্ভিস রিলেটেড। প্রোডাক্টের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সফটওয়্যার ডেভেলপমেন্ট, ওয়েব এপ্লিকেশনস, মোবাইল এপ্লিকেশন, গেম ডেভেলপমেন্ট, রোবটিকস ইত্যাদি। শুনতে অনেকটা কেমন, কিন্তু এর উপর এখন নির্ভর করে একটি দেশের উন্নয়নের মান।
বাংলাদেশ বর্তমান আইটি খাতে নানা ধরনের কাজ করছে। তবে, সেখানে যারা করছেন সেখানে নারীদের সংখ্যা অনেক কম। বাংলাদেশ সরকারের তথ্য ও প্রযুক্তি বিভাগ বলছে, বাংলাদেশে এই খাতে ১২ শতাংশ নারী কাজ করছে এখন। আইসিটি প্রতিষ্ঠানগুলোর সংগঠন বেসিস বলছে, এই সংখ্যা দশ শতাংশ। আর বেসরকারি একটি গবেষণা প্রতিষ্ঠান ট্রেন ইউল্যাব তাদের গবেষণায় বলছে, এর সংখ্যা আরও কম।
২০১৭ সালের মার্চ পর্যন্ত এই সংখ্যা ৮.৭ শতাংশ। প্রশ্ন হচ্ছে, বিশাল একটি সম্ভাবনাময় উপার্জন খাতে মেয়েরা এত কম সংখ্যায় কেন কাজ করছে। অনেকের সাথে কথা বলে জানা গেল, নিয়োগদাতা অনেক প্রতিষ্ঠানের প্রথম পছন্দ ছেলেরা। নিয়োগদাতা একটি প্রতিষ্ঠানের একজন কর্ণধার বলছিলেন, তারা দক্ষতাটাকেই প্রথম প্রাধান্য দেন। তাছাড়া, ছেলের কাজের পরিবেশ নিয়ে তেমন কোন মাথা ব্যথা নেই আর ছেলেরা মেয়েদের চেয়ে এই খাতে প্রফেশনাল।
বাংলাদেশে বর্তমানে ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে রয়েছে আইটি বিষয়। প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে উভয়ভাবেই। মেয়েরা যেখানে পড়ছেন এবং প্রশিক্ষণও নিচ্ছেন। তবে, কর্মক্ষেত্রে মেয়েদের সংখ্যা অনেক কম। অনেক মেয়ে আবার দীর্ঘদিন কাজ করে মেধার স্বীকৃতি না পেয়ে নিজেই ফার্ম খুলেছেন। সেখানে আবার মেয়েদেরই কাজ করার সুযোগ দেন। কারণ তারা মনে করেন মেয়েরাও ছেলেদের মতই মেধাবী ও যোগ্য।
এদিকে, একটি বেসরকারি প্রতিষ্ঠান বলছে, পাশের দেশ ভারত যারা তথ্য প্রযুক্তিতে অনেক এগিয়েছে তাদের দেশে এই শতাংশ শতকরা বাইশ শতাংশ। আর মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যা ব্যুরোর ২০১৪রিপোর্ট বলছে, তথ্য প্রযুক্তির হার বলা হয় যে সিলিকন ভ্যালিকে সেখানে মাত্র ত্রিশ শতাংশ মেয়ে কাজ করছে আইসিটি সেক্টর। তথ্য-প্রযুক্তি খাতে কেউ কেউ ফ্রিল্যান্সিংয়ের কাজ করে, আবার কেউ কেউ ইনহাউজেও কাজ করে। যেখানে বাসায় বসেও কাজ করার সুযোগ রয়েছে সেখানে কী বাড়তি সুবিধা এনে দিচ্ছে তা মেয়েদের। বাংলাদেশ এসোসিয়েশন অব কল সেন্টার এন্ড আউট সোর্সিংয়ের সেক্রেটারি জেনারেল তৌহিদ হোসেন বলছিলেন, তাদের এখন উৎসাহ দেয়া হচ্ছে ত্রিশ শতাংশ নারী কর্মী রাখার জন্য। কিন্তু চাইলেও তারা পাচ্ছেন না।
তৌহিদ হোসেন : কোম্পানির যারা চাকরিদাতা হিসেবে যদি চিন্তা করে সেখানে তারা কিন্তু আসলে সফটওয়্যারে গেলে ছেলে মেয়ে দেখে না, তারা দেখে যে, কাদের ট্যালেন্ট বেশি। প্রোগ্রামিং থেকে আউটপুটটা কী আসবে। আরেকটা জিনিস তারা দেখে টাইম ফেক্সিবিলিটি। কারণ যখন কোন সলুউশন করতে হয় কোন ক্লায়েন্টের বা কোন কাজে, সেখানে কিন্তু টাইম থাকে না। একটা প্রোগামার কিন্তু কাজে বসলে দেখা যায় দুই/তিনদিন সে টানা কাজ করে। কারণ তাকে তো সলুউশনটা করতে হবে। কারণ এটা তো ডে টু ডে জব এবং একজন হঠাৎ করে চলে গেলে কিন্তু সে তার ডেলিভারি দিতে পারছে না। আর এটা

আমাদের বলতে হয় না। আমাদের প্রোগ্রামাররা অটোমেটিক নিজেদের ইচ্ছায় থাকে। দেখা যায়, তিনদিন কাজ করে চারদিন ছুটি কাটাচ্ছে। আর সেক্ষেত্রে বাংলাদেশে সোস্যালি যে কালচার হচ্ছে সেখানে কিন্তু মেয়েদের একটা টাইম ব্যারিয়ার আছে, যেটা প্রতিবন্ধকতা তৈরি করে, যেটা আমরা খুব বেশি ফেস করি। কম্পিউটার সাইন্স বা আইটি সেক্টরে কাজ করার জন্য প্রোগ্রামিং ছাড়াও যে আরও একশো রকম কাজ আছে সেটায় কিন্তু একটা এওয়্যারনেসের একটা বিশাল ঘাটতি আমাদের আছে। সফটওয়্যার সেকশনে মেয়েরা এখন একদম নেই বলা হয়। কিন্তু বিষয়টা তা না, প্রচুর মেয়েরা কাজ করে। কিন্তু এখনও সেটা বলার মত উল্লেখযোগ্য না। দেখা যায়, একটা সফটওয়্যার কোম্পানিতে ১৫/২০ জন লোক কাজ করলে সেখানে থেকে তিনজন মেয়ে দেখা যায় যারা কাজ করছে।

বাংলাদেশের বর্তমান সরকারের দিন বদলের সনদে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ করার ঘোষণা দেয়া হয়েছে। কিন্তু মাত্র ১০ শতাংশ মেয়ে যদি এই খাতে কাজ করে তাহলে দিন বদলে কী আদৌ সম্ভব?

আমি গিয়েছিলাম আগারগাঁওয়ে বাংলাদেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অফিসে। মেয়েদের দক্ষতা বৃদ্ধিতে বা এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কী করছেন তারা সচিব সুবির কিশোর চৌধুরী, (স্বকণ্ঠে): আইসিটি ডিভিশনের অনেকগুলো প্রকল্প রয়েছে। এলআইসিটি-র একটা প্রোজেক্ট হয়েছে, স্কিল ডেভেলাপ প্রোজেক্ট আছে। এই সমস্ত প্রজেক্টের মাধ্যমে আমরা ইতোমধ্যে প্রায় ২০ হাজারের মত নারীকে আইসিটির উপর ট্রেনিং দিয়েছি সারা দেশব্যাপী। তারা অনেকে নিজ নিজ কর্মসংস্থান করে নিয়েছে। যারা ফ্রিন্যান্সার হিসেবে আউট সোর্সিংয়ের মাধ্যমে যারা কাজ করছে। অনেকে নিজের বাড়িতে বসে করছে। শিপ আওয়ার নামে একটা প্রজেক্ট শুরু হয়েছে সেটা টোটালি মেয়েদের জন্য এবং সেখানে সাড়ে ১০ হাজার নারীকে আইসিটি ট্রেনিং দেয়া হবে।

বিবিসি: কবে থেকে শুরু হচ্ছে?

সুবির কিশোর চৌধুরী : আগামী জুলাই থেকে শুরু হবে এবং আশা করি যে, এই প্রকল্প বাস্তবায়ন হলে আমরা আইসিটি ক্ষেত্রে নারীদের প্রশিক্ষণের যে ব্যাপারটা সেটা আরও একধাপ এগিয়ে যাবে।

শুরুতে আমি নাদিয়ার কথা বলেছি তিনি কাজ করতে চান সফটওয়ার ডেভেলাপমেন্টে যেটিকে কিনা তথ্য প্রযুক্তির মূল কাজগুলোর একটি ধরা হয়। কিন্তু তিনি বলছিলেন সুযোগের অভাবে কল সেন্টারে কাজ করছেন তিনি এখন। তবে, সার্বিকভাবে নারীদের পিছিয়ে থাকার কারণ অনেকটা সামাজিক দৃষ্টিভঙ্গি। আবার কিছু সময় মেধা ও যোগ্যতা থাকলেও তারা তথ্য প্রযুক্তি খাত থেকে পেশা পরিবর্তন করে অন্য স্থানে চলে যাচ্ছেন।

(বিবিসি: ০৬:৩০ ঘ: ১৮/০৫/১৭ আছাদ/এলিনা/নারগীস/হেলাল)

মাদ্রাসা পরীক্ষায় অষ্টম স্থান অধিকার করে পশ্চিমবঙ্গে সাড়া ফেলে দিয়েছে একজন হিন্দু ছাত্রী

ভারতে দশম শ্রেণীর সমতুল্য মাদ্রাসা পরীক্ষায় এবছর অষ্টম স্থান পেয়ে নজির গড়েছে একজন হিন্দু ছাত্রী। এর আগে মাদ্রাসা পরীক্ষায় হিন্দু ছাত্র-ছাত্রীরা খুব ভাল নম্বর পেলেও এত উঁচু অবস্থানে কোন হিন্দু ছাত্রী এর আগে যেতে পারেনি। হাওড়া জেলার ঐ মাদ্রাসা ছাত্রীটি বলছেন, বড় হয়ে সে পদার্থ বিদ্যা নিয়ে গবেষণা করতে চান। তার সহপাঠী একজন ছাত্র ১৭তম স্থান পেয়েছেন একই পরীক্ষায়। (বিবিসি: ০৬:৩০ ঘ: ১৮/০৫/১৭ আছাদ/হেলাল)

ঢাকায় আজ শুরু হচ্ছে আন্তর্জাতিক খেজুর ও পুষ্টিপণ্য মেলা

আর কিছুদিন পরেই শুরু হতে যাচ্ছে রমজান মাস। রোজায় মুসলামনদের ইফতারিতে অপরিহার্য একটি খাবার হল খেজুর । বলা হয় যে, এই সময়ই বাংলাদেশে সবচেয়ে বেশি খজুর আমদানি ও বিক্রি হয়। আর এই প্রেক্ষাপটেই ঢাকায় আজ শুরু হচ্ছে একটি আন্তর্জাতিক খেজুর ও পুষ্টিপণ্য মেলা। কিন্তু বাংলাদেশে এ ধরণের খেজুর উৎপাদিত হয় না বললেই চলে। মূলতঃ বিদেশ থেকেই সেটি আমদানি হয়। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১৮/০৫/১৭ এলিনা/হেলাল)

রেডিও তেহরান

ভিশন-২০৩০ নিয়ে আওয়ামী লীগ জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে : মির্জা ফখরুল

বিএনপি'র ভিশন-২০৩০ নিয়ে আওয়ামী লীগ জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ বুধবার দুপুরে রাজধানীতে অনুষ্ঠিত কুড়ি দলীয় জোটের শরিক বাংলাদেশ লেবার পার্টির আলোচনা সভায় তিনি বলেন, আওয়ামী লীগ নেতারা বিষয়বস্তুর দিকে না গিয়ে সরাসরি একে বাতিল করে দিচ্ছেন এবং কুতর্ক করছেন। মির্জা ফখরুল বলেন, ভিশন-২০৩০ একটি স্বপ্ন, একটি প্রস্তাবনা। যদি আমরা জনগণের ভোটে রাষ্ট্রপরিচালনার দায়িত্ব পাই তখন কাজগুলো কীভাবে করব, কত দূর পর্যন্ত কাজ হতে পারব তার একটি পরিকল্পনা দেয়া হয়েছে। (রেডিও তেহরান : ২০.৩৫ঘ. ১৭/০৫/১৭ আছাদ/নারগীস)

বাংলাদেশের কোন অঞ্চলের মানুষ উপেক্ষিত থাকবে না: প্রধানমন্ত্রী

বাংলাদেশের কোন অঞ্চলের মানুষ আর উপেক্ষিত থাকবে না বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আজ তাঁর কার্যালয়ে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে একথা বলেন। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন:

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে সমাজের মূল ধারায় ফিরিয়ে এনে সকলের জন্য একটি অনুভূতিমূলক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে তার সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন অঞ্চলের মানুষ উপেক্ষিত থাকবে না। প্রধানমন্ত্রী আজ সকালে তার কার্যালয়ে আয়োজিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরা পিছিয়ে আছেন। তাদের শিক্ষা-দীক্ষা এবং আর্থ-সামাজিকভাবে যাতে তারা উন্নত হতে পারে সেই উদ্যোগটা আমরা হাতে নিয়েছি। প্রধানমন্ত্রী এ সময় শিক্ষাকে অধিকার হিসাবে আখ্যায়িত করে বলেন, দেশের প্রায় পঞ্চান্নটি জেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরা বসবাস করছে। তাদের জীবনযাপন কীভাবে উন্নত করা যায় এবং সে লক্ষ্যে আমরা কিছু বিশেষ এলাকা নিয়ে উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছি। এজন্য বাজেটেও আলাদা বরাদ্দ রাখা হয়েছে। অনুষ্ঠানে তিনশ' পঞ্চাশজন শিক্ষার্থীদের প্রত্যেককে বৃত্তি হিসাবে পঁচিশ হাজার টাকার চেক প্রদান করা হয়। ওদিকে, নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ প্রধানমন্ত্রীর ৩৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আওয়ামী লীগ বিভিন্ন অনুষ্ঠান পালন করেছে। '৭৫ এর ১৫ই আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে ১৯৮১ সালের এইদিনে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বদেশ প্রত্যাবর্তন করেন। দিবসটি উপলক্ষে তিনি আজ সকালে গণভবনে দলীয় নেতা-কর্মীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। (রেডিও তেহরান : ২০.৩৫ঘ. ১৭/০৫/১৭ আছাদ/নারগীস)

রেডিও এবিসি

চট্টগ্রামে দুই বিএনপি নেতাকে দল থেকে অব্যাহতি

দলীয় শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক কাজী শাজাহান জুয়েল এবং চট্টগ্রাম উত্তর জেলা বিএনপি'র সদস্য সচিব কাজী আব্দুল্লাহ আল হাসানকে দল থেকে অব্যাহতি দিয়েছে বিএনপি। তাদের দু'জনকে দলের অন্য সব পর্যায়ের পদ থেকেও সাময়িক অব্যাহতি দেয়া হয়েছে বলে বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। (রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

নারায়ণগঞ্জে সাত খুন মামলায় শুনানির জন্য বেঞ্চ নির্ধারণ করে দিয়েছেন প্রধান বিচারপতি

নারায়ণগঞ্জে আলোচিত সাত খুন মামলার আসামীদের ডেথ রেফারেন্স ও আপিলের উপর শুনানির জন্য বেঞ্চ নির্ধারণ করে দিয়েছে প্রধান বিচাপতি সুরেন্দ্র কুমার সিনহা। বুধবার হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার মোহাম্মদ সাব্বির ফয়েজ এ তথ্য জানান। (রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ১৭/০৫/১৭ সোনিয়া/আহমেদ)

রেললাইনের পাশের ডোবা থেকে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের লাশ উদ্ধার

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে যাওয়ার কথা বলে বাসা থেকে বের হয়েছিলেন মোস্তাফিজ রাজ্জাক মামুন নামে শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র। এরপর তাকে আর পাওয়া যাচ্ছিল না। আজ বুধবার দুপুরে রেললাইনের পাশের ডোবায় তার লাশ পাওয়া গেছে। (রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ১৭/০৫/১৭ সোনিয়া/আহমেদ)

রেডিও টুডে

নারায়ণগঞ্জে চার খুনের মামলায় তেইশজনের ফাঁসির আদেশ

নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় আওয়ামী লীগ ও ছাত্রলীগের চার কর্মী খুনের মামলায় স্থানীয় বিএনপি'র এক নেতাসহ তেইশজনকে ফাঁসির আদেশ দিয়েছেন সেখানকার একটি আদালত। দুপুরে নারায়ণগঞ্জের অতিরিক্ত জেলা দায়রা দ্বিতীয় জজ আদালতের বিচারক কামরুন নাহার এই রায় ঘোষণা করেন। মামলার নথি অনুযায়ী ২০০২ সালের ১১ই মার্চ আড়াইহাজার উপজেলার বর্তমান চেয়ারম্যান রফিকুল ইসলামের ছোট ভাই বারেক, ফুফাত ভাই বাদল, আওয়ামী লীগ কর্মী ফারুক ও কবিরকে বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে নির্যাতন করে হত্যার পর তাদের লাশ পুড়িয়ে ফেলা হয়।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের তলবে সংস্থাটির কার্যালয়ে আপন জুয়েলার্সের মালিক দিলদার হোসেন

স্বর্ণসহ অন্যান্য অলঙ্কার আমদানিতে অনিয়মের অভিযোগের বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের তলবে সংস্থাটির কাকরাইলের কেন্দ্রীয় কার্যালয় হাজির হয়েছেন আপন জুয়েলার্সের মালিক দিলদার আহমেদ, তার দুই ভাই গুলজার আহমেদ ও আজাদ আহমেদ। দুপুর ১২টার কিছু আগে তাঁরা সেখানে পৌছান। আর বনানীর রেইনট্রি হোটেলের পক্ষে জাহাঙ্গীর আলম নামের একজন আইনজীবী শুল্ক গোয়েন্দা কার্যালয়ে হাজির হয়ে অসুস্থতার কারণ দেখিয়ে হোটেলের ব্যবস্থাপনা পরিচালক আদনান হারুনের পক্ষে একমাসের সময় চেয়েছেন। জবাবে আগামী ২৩শে মে আদনান হারুনকে হাজির হতে বলা হয়েছে। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

জিয়া, মোস্তাক ও তৎকালীন মন্ত্রিসভার অনেকে বঙ্গবন্ধু হত্যার সাথে জড়িত: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ। ৭৫এর ১৫ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যার পর দীর্ঘ নির্বাসনের পর ১৯৮১ সালের এই দিনে দেশের মাটিতে পা রাখেন বঙ্গবন্ধু কন্যা। তাঁকে বহনকারী উড়োজাহাজটি এদিন বিকেলে ভারতের রাজধানী নয়াদিল্লী থেকে কলকাতা হয়ে ঢাকায় নামলে কয়েক

লাখ মানুষ তাঁকে বিমানবন্দরে স্বাগত জানান। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এক বাণীতে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এদিকে, দিবসটি উপলক্ষে সকাল ১০টায় আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের নেতারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেছেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন, জিয়া, মোস্তাক ও তৎকালীন মন্ত্রিসভার অনেকেই ১৫ই আগস্টের ঘটনার সাথে জড়িত ছিলেন। এদিকে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আনন্দ র‍্যালি করেছে বাংলাদেশ ছাত্রলীগ। সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে নেতা-কর্মীরা মধুর ক্যান্টিনে সমবেত হওয়ার পর ছাত্রলীগ সভাপতি সাইফুর রহমান সোহাগের নেতৃত্বে একটি র‍্যালি বের হয়, যেটি ক্যাম্পাস ও আশে-পাশের এলাকা ঘুরে অপরাজেয় বাংলার সামনে গিয়ে শেষ হয়। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

সবার যাতে আর্থ-সামাজিক উন্নয়ন ঘটে সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে সরকার: প্রধানমন্ত্রী

দেশের কোন অঞ্চলের মানুষ যাতে অবহেলার স্বীকার না হয় এবং সবার যেন আর্থ-সামাজিক উন্নয়ন ঘটে, সে লক্ষ্য নিয়েই বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়ে যাচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ক্ষুদ্র গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরও বলেন, পিছিয়ে পড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে মূল ধারায় সম্পৃক্ত করতে তাদের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে সরকার।

(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

সাবেক পররাষ্ট্র সচিব ও কূটনীতিক ফারুক চৌধুরীর ইন্তেকাল, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

সাবেক পররাষ্ট্র সচিব ও বরেণ্য কূটনীতিক ফারুক আহমেদ চৌধুরী আর নেই (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। ভোর ৪টা ৩৫ মিনিটে রাজধানী স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। বাদ আছর রাজধানীর ধানমন্ডির ৭ নম্বর রোডে বায়তুল আমান জামে মসজিদে মরহুমের দ্বিতীয় দফা জানাযা অনুষ্ঠিত হবে। এর আগে তাঁর মরদেহ নিয়ে যাওয়া হয় এক সময়ের কর্মস্থল পররাষ্ট্র মন্ত্রণালয়ে। সেখান তাঁর প্রথম নামাজে জানাযা অনুষ্ঠিত হয়েছে। এতে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, পররাষ্ট্র সচিব শহীদুল হক, সাবেক কূটনীতিক শমসের মবিন চৌধুরীসহ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। ফারুক চৌধুরী নামেই বেশি পরিচিত এই কূটনীতিক ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে হাই-কমিশনার ও রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর মৃত্যুতে শোক জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

ঝিনাইদহে জঙ্গি অভিযান শেষ: মুফতি মাহমুদ খান

ঝিনাইদহে সদর উপজেলার চুয়াডাঙ্গা গ্রামে সন্দেহভাজন পাঁচটি জঙ্গি আস্তানায় আইন-শৃঙ্খলা বাহিনীর অভিযান শেষ হয়েছে। দুপুর সাড়ে ১২টার দিকে ঝিনাইদহে র‍্যাব ক্যাম্পে এক সাংবাদিক সম্মেলনে এই ঘোষণা দেন সংস্থাটির মিডিয়া উইংয়ের পরিচালক মুফতি মাহমুদ খান। এর আগে আজ সকাল সাড়ে ৮টা থেকে দ্বিতীয় দফায় অভিযানে নামে র‍্যাব। র‍্যাবের বোমা ডিসপোজাল ইউনিটের সদস্যরা গতকাল উদ্ধার হওয়া দু'টি সুইসাইডেল ভেস্ট ও একটি এন্টি-মাইনের বিস্ফোরণ ঘটায় আজ। সোমবার রাতে সেলিম ও প্রান্ত নামে নব্য জেএমবি'র দু'জনকে আটক করার পর ঐসব জঙ্গি আস্তানার সন্ধান পায় আইন-শৃঙ্খলা বাহিনী। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

প্রবৃদ্ধি ও উন্নয়ন নিয়ে সরকার মিথ্যাচার করছে: মির্জা ফখরুল ইসলাম আলমগীর

প্রবৃদ্ধি ও উন্নয়ন নিয়ে সরকার মিথ্যাচার করছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বাংলাদেশ লেবার পার্টি আয়োজিত এক আলোচনা সভায় তিনি এই অভিযোগ করেন। মির্জা ফখরুল বলেন, সরকারের দাবি অনুযায়ী চলতি অর্থ বছরের প্রবৃদ্ধি ৭.২৪ শতাংশ অর্জনের যে প্রচারণা চালানো হচ্ছে তা বিশ্বব্যাংকের অর্থনীতিবিদদের মতে ৬.৮ শতাংশের বেশি নয়। এছাড়া, মূল্যস্ফীতি নিয়েও সরকার মানুষকে বিভ্রান্ত করছে বলে অভিযোগ করেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

শতাধিক চিকিৎসক তাদের পদে ফিরতে পারবেন কি না এ বিষয়ে রায় ২১শে মে

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে প্রায় এগার বছর আগে নিয়োগ পাওয়া শতাধিক চিকিৎসক তাদের পদে ফিরতে পারবেন কি না সে বিষয়ে রায়ের জন্য আগামী ২১শে মে দিন ধার্য করেছেন আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে চিকিৎসকদের করা পৃথক পাঁচটি আপিলের শুনানি শেষে প্রধান বিচারপতি এস কে সিনহার নেতৃত্বাধীন পাঁচ সদস্যের বেঞ্চ সকালে এই দিন ধার্য করেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

সাভারে এক শিশু গৃহ পরিচালিকার উপর বর্বরোচিত নির্যাতন

সময়মত কাজ করতে না পারায় সাভারে এক শিশু গৃহপরিচালিকার উপর বর্বরোচিত নির্যাতন চালিয়েছে এক গৃহকর্তী। তার শরীরে গরম খুনতির ছেঁকা দিয়ে পুড়িয়ে দেয়া হয়। এ ঘটনায় গৃহকর্তীকে গ্রেফতার করেছে পুলিশ। নির্যাতনের শিকার গৃহপরিচালিকা হোসনে আরার মা জানান, তার মেয়ে গত নয় মাস ধরে সাভারের রাজসন এলাকার কাপড় ব্যবসায়ী সাইফ মিয়ার বাসায় গৃহপরিচালিকা হিসেবে কাজ করে আসছিল। মঙ্গলবার রাতে কাজে দেরি হওয়ায় ঐ ব্যবসায়ীর স্ত্রী শিমু আক্তার

গরম খুনতি দিয়ে হোসনে আরার দু'টি স্তন পুড়িয়ে দেয়। পরে শিশুটি যন্ত্রণাকাতর অবস্থায় বাড়ি থেকে পালিয়ে স্থানীয় লোকজনের সহায়তায় সাভার মডেল থানাকে বিষয়টি জানালে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ঐ গৃহকর্তীকে আটক করে। বর্তমানে নির্যাতিতা মেয়েটিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। এই ঘটনায় সাভার মডেল থানায় মেয়েটির মা বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করেছেন।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

জিয়া চ্যারিটেবল দুর্নীতি মামলার আদালত পরিবর্তনের নির্দেশ হাইকোর্টের

জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলার আদালত পরিবর্তনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সাথে মামলাটি বিশেষ জজ আদালত-৫ এর বিচারক ড. আখতারুজ্জামানের আদালতে স্থানান্তরের নির্দেশ দেয়া হয়েছে। আজ বিচারপতি এম এনায়েতুর রহিম ও বিচারপতি শহীদুল করিমের হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। গত ১৫ই মে বিচারক পরিবর্তনের নির্দেশনা চেয়ে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার পক্ষে তাঁর আইনজীবী জাকির হোসেন ভুঁইয়া আবেদন করেছিলেন।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

চট্টগ্রামে এক যুবলীগ নেতাসহ দু'জন খুন

চট্টগ্রামের সন্দীপ পৌরসভা এলাকায় প্রতিপক্ষের হাতে সোহেল রানা বাবলু নামের যুবলীগের এক নেতা খুন হয়েছেন। নিহত বাবলু সন্দ্বীপ পৌরসভা যুবলীগের যুগ্ম আহবায়ক। চট্টগ্রাম জেলা পুলিশের বিশেষ শাখার অতিরিক্ত পুলিশ সুপার মহিউদ্দীন মাহমুদ জানিয়েছেন, গত মধ্য রাতে দুর্বৃত্তরা বাবলুকে গুলি করে ও কুপিয়ে হত্যা করে। কে বা কারা এই হত্যাকাণ্ড ঘটিয়েছে, সে ব্যাপারে তদন্ত শুরু হয়েছে বলেও জানান তিনি। এদিকে, চট্টগ্রাম নগরীর ডাবলমুরিং থানাধীন ডেবারপাড় এলাকা থেকে অজ্ঞাত পরিচয়ের এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ। ডাবলমুরিং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহিউদ্দীন সেলিম জানিয়েছেন, তাকে ছুরিকাঘাতে হত্যা করা হয়েছে। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সাইফুর/আহমেদ)

শেখ হাসিনার কিছু হলে সারা দেশে আগুন জ্বলবে: ওবায়দুল কাদের

শেখ হাসিনাকে গ্রেনেড তাড়া করে ফিরছে এমন মন্তব্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, তাঁর কিছু হলে সারা দেশে আগুন জ্বলবে। বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের আরও বলেন, বিএনপি নিয়ে বিচলিত হওয়ার কিছু নেই। তবে, সাম্প্রদায়িক অপশক্তি মোকাবিলায় নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকতে হবে। একই অনুষ্ঠানে দলটির উপদেষ্টামন্ডলীর সদস্য তোফায়েল আহমেদ বলেন, নির্বাচনে অংশ নেবে বলেই শেখ হাসিনাকে অনুসরণ করে ভিশন দিয়েছে বিএনপি। আর দলের প্রেসিডিয়াম সদস্য শেখ সেলিম বলেন, বিচার দীর্ঘায়িত করেও খালেদা জিয়া পার পাবেন না। এতিমের মাল ভক্ষণের দায়ে তাঁর বিচার হবেই। কেউ রক্ষা করতে পারবে না।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১৭/০৫/১৭ সোনিয়া/আহমেদ)

কাছের মানুষদের ষড়যন্ত্রের কারণে বঙ্গবন্ধুকে প্রাণ দিতে হয়েছিল: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

কাছের মানুষদের ষড়যন্ত্রের কারণে বঙ্গবন্ধুকে প্রাণ দিতে হয়েছিল মন্তব্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সেনা কর্মকর্তা জিয়াউর রহমান ও খন্দকার মোশতাক আহমেদসহ তৎকালীন মন্ত্রিসভার অনেকেই ১৫ই আগস্টের হত্যাকাণ্ডের সাথে জড়িত ছিলেন। নিজের ৩৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবসে গণভবনে আওয়ামী লীগ নেতা-কর্মীরা শুভেচ্ছা জানাতে গেলে তিনি একথা বলেন। এ সময় আবারও দলের নতুন নেতৃত্ব খুঁজতে নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান আওয়ামী লীগ সভাপতি।
(রে. টুডে: ১৮:৪৫ ঘ: ১৭/০৫/১৭ সোনিয়া/কুহিনূর)

অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে: পরিকল্পনামন্ত্রী

অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে মন্তব্য করে পরিকল্পনামন্ত্রী আ হ ম মোস্তফা কামাল বলেছেন, প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় সব ধরনের সংস্কার করা হবে। দুপুরে রাজধানীর একটি হোটেলে অবকাঠামো সম্পর্কিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তবে ঐ প্রবন্ধে বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে টি প্রতিবন্ধকতা চিহ্নিত করে ইন্টারন্যাশনার ফাইনান্স কর্পোরেশনের কান্ট্রি ম্যানেজার ইউনডিজো উইনার।
(রে. টুডে: ১৮:৪৫ ঘ: ১৭/০৫/১৭ সোনিয়া/কুহিনূর)

আপন জুয়েলার্স মালিককে জিজ্ঞাসাবাদ করছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর

স্বর্ণসহ অন্যান্য অলঙ্কার আমদানিতে অনিয়মের অভিযোগে আপন জুয়েলার্সের মালিক দিদার আহমেদ এবং তার দুই ভাই গুলজার আহমেদ ও আজদ আহমেদকে জিজ্ঞাসাবাদ করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। রাজধানীর কাকরাইলের সংস্থাটির কেন্দ্রীয় কার্যালয়ে দুপুর ১২টায় তাদেরকে জিজ্ঞাসাবাদ শুরু হয়। সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে শুল্ক গোয়েন্দ ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক ড. মাইনুল খান জানিয়েছেন, আপন জুয়েলার্সের ৫টি শো রুমে অভিযান চালিয়ে আটককৃত সাড়ে ১৩ মণ স্বর্ণের কোন কাগজপত্র দেখাতে পারেননি তাঁরা। তবে, জিজ্ঞাসাবাদ শেষে দিদার আহমেদ সাংবাদিকদের বলেন, তার সব স্বর্ণ বৈধ। (রে. টুডে: ১৮:৪৫ ঘ: ১৭/০৫/১৭ সোনিয়া/কুহিনূর)

তথ্য প্রযুক্তির কল্যাণে বর্তমান সমাজ চিন্তা-চেতনা ও মননে আরো সমৃদ্ধশালী হয়েছে: রাষ্ট্রপতি

তথ্য প্রযুক্তির বল্যাণে বর্তমান সমাজ চিন্তা-চেতনা ও মননে আরো বেশী সমৃদ্ধশালী হয়েছে বলে দাবি করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তবে, তথ্য প্রযুক্তির অপব্যবহার বন্ধে সমন্বিত এবং কার্যকরী পদক্ষেপ নেয়ার উপর গুরুত্বারোপ করেছেন তিনি। বিকেলে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন রাষ্ট্রপ্রধান। ১৫০ দেশে একযোগে সাইবার হামলার ঘটনা বিশ্ববাসীকে চরম ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে মন্তব্য করে রাষ্ট্রপতি বলেন, তথ্য ঝুঁকি মোকবিলায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।
(রে. টুডে: ১৮:৪৫ ঘ: ১৭/০৫/১৭ সোনিয়া/কুহিনূর)

বনানী ধর্ষণ মামলার আসামী নাইম গ্রেফতার, আদালতে নেয়া হবে আজ

রাজধানীর বনানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রীকে ধর্ষণ মামলার অন্যতম আসামী নাঈম আশরাফ ওরফে হাসান মোহাম্মদ হালিমকে গ্রেফতার করেছে পুলিশ। এর মধ্য দিয়ে বনানী ধর্ষণ মামলার পাঁচ আসামীকে গ্রেফতারে সক্ষম হ'ল আইন-শৃঙ্খলা বাহিনী। পুলিশ মহাপরিদর্শক এ কে এম শহীদুল হক গণমাধ্যমকে জানিয়েছেন, গতরাত সাড়ে আটটার দিকে মুন্সিগঞ্জের লৌহজং থেকে নাঈমকে গ্রেফতার করে পুলিশ সদর দপ্তরের একটি টিম। রাতেই তাকে ঢাকায় এনে মহানগর গোয়েন্দা পুলিশ কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। আজ তাকে আদালতে তোলা হবে বলেও জানিয়েছেন পুলিশ প্রধান।
(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ এলিনা/নারগীস)

কাউকেই ছাড় দেয়া হবে না বনানী ধর্ষণ মামলায়: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, বনানীতে দুই ছাত্রী ধর্ষণের ঘটনার তদন্ত চলছে। ঐ ঘটনার সাথে জড়িত কাউকেই ছাড় দেয়া হবে না। গতকাল রাজধানীতে এক অনুষ্ঠানে একথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।
(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ এলিনা/নারগীস)

যুক্তরাষ্ট্রের বাজারে শুল্ক ও কোটামুক্ত সুবিধা চেয়েছে বাংলাদেশ

রপ্তানি বাড়াতে যুক্তরাষ্ট্রের বাজারে শুল্ক ও কোটামুক্ত সুবিধা চেয়েছে বাংলাদেশ। একইসাথে বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে দেশটির প্রতি আহ্বান জানানো হয়েছে। রাজধানী ঢাকায় গতকাল অনুষ্ঠিত দুই দেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে টিককা কাউন্সিলের তৃতীয় সভা শেষে সাংবাদিকদের এসব কথা জানিয়েছেন বাণিজ্য সচিব। এ সময় ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন ব্লুম বার্নিকাট বলেন, যুক্তরাষ্ট্রের বাজারে শুল্কমুক্ত সুবিধা পেতে শ্রম নিরাপত্তা ও অধিকারের উন্নয়ন করতে হবে।
(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ আছাদ/নারগীস)

মেহেরপুরের গাংনিতে পুলিশের সাথে গুলি বিনিময়ে এক ডাকাত নিহত

মেহেরপুরের গাংনি উপজেলার চোখতোলা নামক স্থানে পুলিশের সাথে গুলি বিনিময়ে সন্দেহভাজন এক ডাকাত নিহত হয়েছে। গাংনি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আনোয়ার হোসেন জানিয়েছেন, গতরাত তিনটার দিকে তাদের একটি টহল দলের সাথে এই গুলি বিনিময়ের ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে একটি এলজি শার্টার গান, এক রাউন্ড গুলি, দু'টি বোমা ও দেশীয় অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয় বলেও জানান তিনি। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ এলিনা/নারগীস)

ইপিজেডগুলোতে ট্রেড ইউনিয়ন চালু করতে আইন সংশোধন করা হচ্ছে: বাণিজ্যমন্ত্রী

ইপিজেডগুলোতে ট্রেড ইউনিয়ন চালু করতে আইন সংশোধন করা হচ্ছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। ইউরোপে রপ্তানি বাড়াতে সরকার দ্রুততার সাথে তা বাস্তবায়ন করবে বলেও জানান তিনি। গতকাল রাজধানীতে দু'দিনের ডেনিম এক্সপোর্ট উদ্বোধনী অনুষ্ঠানে ইউরোর দরপতন ও পণ্যের দাম কমায় চলতি বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ারও শঙ্কা প্রকাশ করেছেন। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ আছাদ/হেলাল)

আজ নেত্রকোনা যাচ্ছেন প্রধানমন্ত্রী

পাহাড়ী ঢলে সৃষ্ট অকাল বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা দেখতে আজ নেত্রকোনা যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর সফরকে ঘিরে এরই মধ্যে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, সকাল ৯টা ৪০ মিনিটে প্রধানমন্ত্রী হেলিকপ্টারে জেলার খালিয়াজুড়ি উপজেলা সদর কলেজ মাঠ সংলগ্ন হোলপাড়ে নামবেন। অকাল বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখার পাশাপাশি ত্রাণ বিতরণ করবেন তিনি। এছাড়া স্থানীয় সুধীজনের সঙ্গে মতবিনিময় করার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৮.০৫.১৭ আছাদ/হেলাল)

:: সমাপ্ত ::